26

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 27 DEC 1998
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬-৭ ...

# রাবি-হলের সিট দখল নিয়ে ছাত্রলীগ-ছাত্রদল সংঘর্ষ ॥ আহত ১০

রাজশাহী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ শুক্রবার গভীর রাতে বিশ্ববিদ্যালয়ের মাদার

(২- পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)

## রাবি হলের সিট দখল

(প্রথম পাতার পর) বখ্‌শ হলের ছাত্রলীগের জনৈক কর্মীর একটি সিট ছাত্রদল কর্তৃক জোরপূর্বক দখলের ঘটনাকে কেন্দ্র করে উভয় সংগঠনের মধ্যে রাতভর ধাওয়া পাল্টাধাওয়া ও সংঘর্ষে অন্তত ১০ জন আহত হয়েছে। এ সময় উচ্ছৃঙ্খল ছাত্রদল কর্মীরা প্রাধ্যক্ষের অফিসসহ হলের বিভিন্ন আসবাবপত্র ভাংচুর করে।

প্রত্যক্ষদর্শী ছাত্ররা জানায়, রাত ১০টার দিকে হলের ৩২৩ নং কক্ষের আবাসিক ছাত্র ও ছাত্রলীগের জনৈক কর্মীকে ছাত্রদল কর্মীরা জোরপূর্বক বিতাড়িত করে ছাত্রদল সমর্থক এক অনাবাসিক ছাত্রকে তুলে দেয়ার ঘটনায় ছাত্রলীগ ও ছাত্রদল কর্মীদের মধ্যে সংঘর্ষ শুরু হয়। রাতব্যাপী এ সংঘর্ষে উভয় সংগঠনের অন্তত ১০ ছাত্র আহত হয়। এ সময় উচ্ছৃঙ্খল ছাত্রদল কর্মীরা হল প্রাধ্যক্ষের অফিস ও হলের বিভিন্ন আসবাবপত্র ভাংচুর করে এবং ছাত্রলীগ কর্মীদের হলে অবাঞ্ছিত ঘোষণা করে। পরে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এ ব্যাপারে হল কর্তৃপক্ষ মতিহার থানায় কারও নাম উল্লেখ না করে একটি জিডি করেছে।

### ৩ দিনব্যাপী ধর্মঘট শুরু

অফিসার কর্মচারী ঐক্যপরিষদের ডাকে তিন দিনের ধর্মঘটের শনিবার প্রথম দিন অতিবাহিত হয়েছে। ধর্মঘট চলাকালে গুরুত্বপূর্ণ কয়েকটি দফতর ছাড়া কোন অফিসে কাজকর্ম হয়নি। পরীক্ষাসমূহ ধর্মঘটের আওতার বাইরে থাকায় যথারীতি অনুষ্ঠিত হয়েছে। আগামী সোমবার পর্যন্ত এই ধর্মঘট চলবে। উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়ের নিয়োগ কমিটিসহ বিভিন্ন কমিটিতে অফিসার কর্মচারী সমিতির প্রতিনিধিত্ব এবং পরীক্ষা নিয়ন্ত্রক দফতরের অনিয়মের ব্যাপারে বিচার বিভাগীয় তদন্তের ব্যবস্থা গ্রহণ